



সামাজিক দায়িত্ববোধই ভবিষ্যৎ প্রজন্মের শক্তি: স্পিকার



স্পিকার হাফিজ উদ্দিন। ছবি: সংগৃহীত

জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বলেছেন, মানবসেবা ও সামাজিক দায়বদ্ধতার মূল্যবোধ সমাজে ইতিবাচক পরিবর্তন আনে এবং আগামী প্রজন্মকে জনকল্যাণমূলক কাজে উৎসাহিত করে।

শনিবার (১৩ জুন) রাজধানীর একটি হোটেলে লায়ন্স ক্লাবস ইন্টারন্যাশনালের এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

স্পিকার বলেন, এ ধরনের আয়োজন শুধু আনুষ্ঠানিকতা নয়; বরং সেবামূলক কর্মকাণ্ডকে আরও কার্যকর, সুসংগঠিত ও বিস্তৃত করার একটি গুরুত্বপূর্ণ সুযোগ। সমাজের বিভিন্ন স্তরে মানবিক উদ্যোগ ছড়িয়ে দিতে এমন প্ল্যাটফর্মের ভূমিকা গুরুত্বপূর্ণ বলেও উল্লেখ করেন তিনি।

তিনি আশা প্রকাশ করেন, এই আয়োজন থেকে নতুন নেতৃত্ব, নতুন পরিকল্পনা ও সেবামূলক কর্মকাণ্ডে নতুন উদ্দীপনার সৃষ্টি হবে, যা ভবিষ্যতে মানবকল্যাণে আরও বড় ভূমিকা রাখবে। অনুষ্ঠানে দেশের বিভিন্ন অঞ্চলের লায়ন্স ক্লাবের নেতৃবৃন্দ, সদস্য, আমন্ত্রিত অতিথি এবং গণমাধ্যমকর্মীরা অংশ নেন। পরে কনভেনশনের সফলতা কামনা করেন স্পিকার।